রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

মুক্তিযোদ্ধা কোটায় বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এ নিম্নবর্ণিত সংরক্ষিত পদে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের জন্য কেবলমাত্র প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যাদের নিকট হতে সরাসরি নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে (মুক্তিযোদ্ধা কোটা ব্যতীত অন্যান্য কোটার প্রার্থীগণ আবেদন করার যোগ্য হবেন না) ঃ

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	শূন্য পদ	শিক্ষাগত যোগ্যতা	যে সব বিভাগের স্থায়ী বাসিন্দা আবেদন করতে পারবেন
১।	উর্ধতন কর্মকর্তা	টাঃ ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/-	৩১টি	১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)-সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। ২। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবে না।	সকল বিভাগ
২।	কর্মকর্তা	টাঃ ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/-	২৭টি	১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। ২। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবে না।	সকল বিভাগ
৩।	কোষাধ্যক্ষ	টাঃ ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫/-	০৬টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।	রাজশাহী ও রংপুর বিভাগ
৪।	সুপারভাইজার	টাঃ ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫/-	০২টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।	রাজশাহী ও রংপুর বিভাগ
৫।	ডাটা এন্ট্রি অপারেটর	টাঃ ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫/-	৩২টি	১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী; ২। টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজীতে ২৮ শব্দের গতি; ৩। স্বীকৃত কোন প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিষয়ে অন্যূন ০১ (এক) বৎসরের ডিপ্লোমা ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	সকল বিভাগ
৬।	ড্রাইভার	টাঃ ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫/-	০২টি	১। কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; ২। Motor vehicle Ordinance, 1983 (Ord. No. LV of 1983) এর অধীনে প্রদত্ত বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অন্যূন ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	রাজশাহী ও রংপুর বিভাগ

০১। আবেদনপত্রের নমুনা

(১) নাম — বাংলা ঃ ....
ইংরেজী (বড় অক্ষরে) ঃ ....

(২) (ক) পিতার/স্বামীর নাম — বাংলা ঃ ....
ইংরেজী (বড় অক্ষরে) ঃ ....

(খ) মাতার নাম — বাংলা ঃ ....
ইংরেজী (বড় অক্ষরে) ঃ ....

(৩) বর্তমান ঠিকানা — বাংলা ঃ ....
ইংরেজী (বড় অক্ষরে) ঃ ....

(৪) স্থায়ী ঠিকানা — বাংলা ঃ ....
ইংরেজী (বড় অক্ষরে) ঃ ....

(বিবাহিতা মহিলাদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা) — বাংলা ঃ ....
ইংরেজী (বড় অক্ষরে) ঃ ....

(৫) জাতীয়তা ঃ ....

(৬) জন্ম তারিখ ঃ ....

(৭) বয়স (০১-০২-২০১২ খ্রিঃ তারিখে) ঃ ....

(৮) শিক্ষাগত যোগ্যতা ঃ ....

স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের নাম	পরীক্ষার নাম	বিভাগ/শ্রেণী/গ্রেড	বোর্ড/বিশ্ববিদ্যালয়	পরীক্ষা পাশের সন

(৯) অভিজ্ঞতা (যদি থাকে) ঃ ....

(১০) ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম ঃ ....

(১১) প্রার্থীর স্বাক্ষর (তারিখসহ) ঃ ....

সংযুক্তি ঃ

০২। আগ্রহী প্রার্থীকে উপরোক্ত আবেদনপত্রের নমুনায় নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করে আবেদনপত্র উপ-মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ২৭২, বনলতা বাণিজ্যিক এলাকা, বিমান বন্দর রোড, সপুরা, রাজশাহী ঠিকানায় আগামী ১৫-০৩-২০১২ খ্রিঃ তারিখের মধ্যে পৌছাতে হবে।

(ক) গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/মার্কশীট/ট্রান্সক্রিপ্ট;

(খ) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি;

(গ) স্থায়ী ঠিকানার সমর্থনে সিটি কর্পোরেশন মেয়র/পৌর মেয়র/কাউন্সিলর/কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি, বিবাহিতা মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে ইস্যুকৃত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি;

(ঘ) প্রার্থীকে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা পিতা/মাতা, মুক্তিযোদ্ধা পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সংক্রান্ত সাময়িক সার্টিফিকেট (যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক যথাক্রমে স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনকারী যে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা কিংবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;

(ঙ) যে কোন তফসিলি ব্যাংকের শাখা থেকে ১ ও ২ নম্বর ক্রমিকে বর্ণিত পদের (উঃকর্মকর্তা ও কর্মকর্তা) জন্য ৪০০/- (চারশত) টাকা এবং ৩, ৪, ৫ ও ৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের (কোষাধ্যক্ষ, সুপারভাইজার, ডাটা এন্ট্রি অপারেটর ও ড্রাইভার) জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ''রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক'' এর অনুকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

০৩। বয়সসীমা (**০১-০২-২০১২**খ্রিঃ তারিখে) ঃ প্রার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)। কর্মকর্তা, কোষাধ্যক্ষ, সুপারভাইজার ও ডাটা এন্ট্রি অপারেটর পদে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

০৪। উর্ধতন কর্মকর্তা ও কর্মকর্তা পদে প্রার্থীর কম্পিউটার পরিচালনায় (এমএস অফিস প্যাকেজ) জ্ঞান/দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

০৫। শুধুমাত্র জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদন করার যোগ্য। যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন তাঁরা আবেদন করার যোগ্য নন।

০৬। প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে আবেদনপত্রে সেভাবে লিখতে হবে।

০৭। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে বর্তমানে প্রচলিত জিপিএ/সিজিপিএ এর বিপরীতে পূর্বের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণী নির্ধারিত হবে।

০৮। বয়স প্রমাণের জন্য এস এস সি/সমতুল্য পরীক্ষার মূল/সাময়িক সনদ এর সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। এডমিট কার্ড বা টেস্টিমোনিয়াল এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

০৯। বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল ডিগ্রীর মূল সনদ প্রদানে অপারগ হলে সাময়িক সনদ গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মার্কশীট গ্রহণযোগ্য হবে, তবে সাক্ষাৎকারকালে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে।

১০। বিদেশ থেকে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে সমমানের সনদ সংগ্রহ করে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

১১। প্রার্থীদেরকে ব্যাংক কর্তৃক আয়োজিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। চাকুরীরত প্রার্থীগণকে তাঁদের আবেদনপত্র স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখ বা তৎপূর্বে পৌছাতে হবে।

১৩। কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১৪। আবেদনপত্র এবং খামের উপরে স্পষ্টভাবে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৫। অসম্পূর্ন/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

১৬। পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। ব্যাংক কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তিতে জারীকৃত নিয়োগতব্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, নিয়োগ প্রদান বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। **বিজ্ঞপ্তির কপি www.rakub.org.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।**

উপ-মহাব্যবস্থাপক
কর্মী ব্যবস্থাপনা বিভাগ